ঝিনাইদহে ইয়াবাসহ মাদক ব্যবসায়ীকে পুলিশে দিলেন বিএনপির নেতাকর্মীরা

ঝিনাইদহ থেকে মনিরুল ইসলাম নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করে পুলিশে সোপর্দ করেছে জেলা বিএনপির নেতাকর্মীরা।

বুধবার (২২ জুলাই) সাড়ে ১১ টার দিকে আরাপপুর মাঝিপাড়া থেকে তাকে আটক করা হয়। আটককৃত মাদক ব্যবসায়ী শহরের ব্যপারীপাড়ার সিরাজুল ইসলামের ছেলে।

স্থানীয়রা জানান, জেলা বিএনপির যুগ্ম-সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস ও জেলা ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক মুশফিকুর রহমান মানিকসহ দলীয় নেতাকর্মীরা আরাপপুর এলাকায় অবস্থান করছিলেন। এসময় এক ব্যক্তির গতিবিধি সন্দেহজনক মনে হলে তাকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করে। পরে তার দেহ তল্লাশি করে ১৬৪ পিস ইয়াবা উদ্ধার করা হয়।

পরবর্তীতে বিষয়টি ঝিনাইদহ সদর থানা পুলিশকে জানানো হলে পুলিশ ঘটনাস্থলে এসে ইয়াবাসহ আটক ব্যক্তিকে নিজেদের হেফাজতে নেয়। ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ আসাদুজ্জামান জানান মাদক আইনে তার বিরুদ্ধে সদর থানায় মামলা দায়ের করা হয়েছে।

ঝিনাইদহে নারীর প্রতি সহিংসতার ফ্যাক্ট-ফাইন্ডিং প্রতিবেদন প্রকাশ

ঝিনাইদহে নারীর প্রতি সহিংসতা, বৈষম্য ও অধিকারবঞ্চনার বিভিন্ন ঘটনা নিয়ে পরিচালিত ফ্যাক্ট-ফাইন্ডিং (তথ্য-অনুসন্ধান) প্রতিবেদনের ফলাফল তুলে ধরতে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (২৩ জুলাই) সকালে শহরের ওয়েলফেয়ার এফোর্টস (উই)’র প্রশিক্ষণ কক্ষে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন এর সহযোগীতায় এ অনুষ্ঠানের আয়োজন করে ওয়েলফেয়ার এফোর্টস (উই)। সেসময় উপস্থিত ছিলেন উই’র পরিচালক শরিফা খাতুন, উপজেলা জেন্ডার ইক্যুয়ালিটি ফোরামের সভাপতি ময়না খাতুন, ডিএইচআরএমও কুতুব উদ্দিন, উপজেলা ফ্যাসিলিটেটর ছাব্দার হোসেন, আলো ফেরদৌসীসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সংবাদ সম্মেলনে জানানো হয়, গত ফেব্রুয়ারি থেকে জুলাই মাস পর্যন্ত সদর উপজেলার বিভিন্ন গ্রামে মাঠপর্যায়ে পরিচালিত ১৯ টি নারী নির্যাতনের ঘটনার তথ্য-অনুসন্ধান করা হয়। এর মাধ্যমে নারীর প্রতি সহিংসতা, সামাজিক বৈষম্য, ন্যায়বিচার প্রাপ্তির প্রতিবন্ধকতা এবং নাগরিক অধিকার সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় উঠে এসেছে। ঘটনা গুলো স্থানীয়, সামাজিক ও পারিবাকির ভাবে সমাধান করা হয়েছে।

সংবাদ সম্মেলনে বক্তারা বলেন, নারী ও প্রান্তিক জনগোষ্ঠীর অধিকার নিশ্চিত করতে শুধু আইন প্রণয়ন নয়, তার কার্যকর বাস্তবায়নও জরুরি। একই সঙ্গে সচেতনতা বৃদ্ধি, সামাজিক জবাবদিহিতা এবং ভুক্তভোগীদের আইনি সহায়তা নিশ্চিত করার আহ্বান জানানো হয়।

শৈলকুপায় বিনামূল্যে গাছের চারা বিতরণ

গাছ প্রকৃতির বন্ধু,আর সেই প্রকৃতিকে সবুজে ভরিয়ে তুলতে ঝিনাইদহের শৈলকুপায় ফলদ গাছের চারা বিতরণ করা হয়েছে। মঙ্গলবার বিকেলে উপজেলার সারুটিয়া ইউনিয়নের কাতলাগাড়ী বাজারে এ চারা বিতরণ করেন ‘অবিরাম উন্নয়নে বাংলাদেশ’ ফাউন্ডেশন।

‎এসময় ফাউন্ডেশনের পরিচালক উজ্জল আলী কাঁঠাল,লেবু ও আমড়াসহ তিন প্রজাতির দুই শতাধিক ফলজ গাছের চারা সাধারণ মানুষের মাঝে বিতরণ

করেন। বিনামূল্যে ফলদ গাছের চারা নিতে বাজারে উপচেপড়া ভিড় লক্ষ্য করা যায়। একটি চারা পাওয়ার আশায় অনেকের মধ্যে উৎসাহ ও আগ্রহও দেখা যায়।

‎‎স্থানীয়রা বলছেন, এমন উদ্যোগ শুধু পরিবেশ রক্ষায় ভূমিকা রাখবে না,বরং মানুষকে বৃক্ষরোপণে আরও উৎসাহিত করবে। বিশেষ করে ফলদ গাছের চারা বিতরণের ফলে একদিকে যেমন সবুজায়ন বাড়বে, অন্যদিকে পরিবারগুলোও উপকৃত হবে।

‎‎চারা বিতরণ শেষে উজ্জ্বল আলী বলেন,গাছ মানুষের পরম বন্ধু। পরিবেশ রক্ষা এবং সারুটয়া ইউনিয়নকে আরও সবুজ করে গড়ে তোলার লক্ষ্যেই এ উদ্যোগ নেওয়া হয়েছে। ‎তিনি আরও বলেন,ভবিষ্যতে বৃক্ষরোপণ ও ফলজ গাছের চারা বিতরণ সহ বিভিন্ন মানবিক কার্যক্রম অব্যাহত রাখা হবে।

হরিণাকুণ্ডুতে অটোরিকশা- লাটাহাম্বার মুখোমুখি সংঘর্ষ; নিহত ১ আহত ২

‎‎ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলায় ব্যাটারিচালিত অটোরিকশা ও লাটাহাম্বার মুখোমুখি সংঘর্ষে অটোরিকশার চালক নিহত হয়েছেন। এ ঘটনায় এক নারীসহ আরও দুইজন আহত হয়েছেন।

‎‎মঙ্গলবার (২১ জুলাই) দুপুরে উপজেলার লালন সড়কের সরকারি লালন শাহ কলেজ গেটের সামনে এ দুর্ঘটনা ঘটে। ‎দুর্ঘটনায় ‎নিহত ব্যক্তি উপজেলার ভবাণীপুর গ্রামের তাঁতীপাড়ার মৃত সদর শেখের ছেলে মোস্তফা শেখ(৪৫)।

‎পুলিশ সূত্র জানায়, একটি ব্যাটারিচালিত অটোরিকশা ভবানীপুর থেকে হরিণাকুণ্ডু উপজেলার দিকে যাচ্ছিল, পথি মধ্যে সরকারি লালন শাহ কলেজ গেটের সামনে বিপরিত দিক থেকে আসা খৈল বোঝায় একটি লাটাহাম্বা অটোরিকশাটিকে সজোরে ধাক্কা দেয়। এতে চালকসহ

অটোরিকশার ৩জন আহত হয়। ‎

‎পরে স্থানীয়রা আহতদের হরিণাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে গুরুতর অসুস্থ অটোরিকসা চালককে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করে। আহত চালককে কুষ্টিয়া মেডিকেল কলেজে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। আহত অপর এক নারী ও পুরুষ হরিণাকুণ্ডুতে হাসপতালে চিকিৎসাধীন রয়েছেন।
‎

হরিণাকুণ্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) অসিত কুমার রায়‎ বলেন, ঘটনাস্থল আমরা পরিদর্শন করেছি। এছাড়া লাশ যেহেতু কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে আছে আমরা তাদের সাথে যোগাযোগ করার চেষ্টা করছি। লাশ এসে পৌছালে মর্গে পাঠানোর ব্যবস্থা করা হবে। দুর্ঘটনার বিষয়ে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

১৭ বছরের ভেঙে যাওয়া বাংলাদেশকে পুনরুদ্ধার করতে হবে

তরুণ সমাজকে মাদকের ভয়াবহ ছোবল থেকে বের করে নিয়ে আসতে হবে। বিগত ১৭ বছরে এমপি মন্ত্রীরা মাদকের ডিলার হিসেবে কাজ করেছে। সেই জায়গা থেকে ১৭ বছরের ভেঙে যাওয়া বাংলাদেশকে পুনরুদ্ধার করতে হবে। বিএনপির নির্বাহী কমিটির সদস্য ও জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনেরএমপি অ্যাডভোকেট নিপুন রায় চৌধুরী এসব কথা বলেছেন।

সোমবার (২০ জুলাই) বেলা সাড়ে ১১টায় ঝিনাইদহ জেলা পরিষদ চত্বরে বৃক্ষরোপন, গাছের চারা ও আর্থিক সহায়তার চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

ঈমাম ও পুরোহিতদের দৃষ্টি আকর্ষণ করে নিপুণ রায় চৌধুরী বলেন, মসজিদে বয়ান রাখার সময় ঈমাম সাহেবদের মাদকবিরোধী সচেতনতাবৃদ্ধি

মূলক বক্তব্য রাখতে হবে। যাতে তরুণ সমাজ, প্রত্যেকটি পরিবার মাদকের ভয়াবহতা সম্পর্কে সচেতন হতে পারে। পুরোহিত যারা আছেন, আপনারও মন্দিরগুলোতে মানুষকে মাদকের বিষয়ে সচেতন করবেন।

তিনি আরও বলেন, মাদকের বিস্তার রোধে শুধুমাত্র সচেতনতা বাড়ালেই হবে না, তরুণ বেকারদের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে হবে। সরকার প্রত্যেকটি ইউনিয়নে খেলার মাঠ তৈরির পরিকল্পনা নিয়েছে। খেলাধুলায় মনোযোগী হলে যুব সমাজের হতাশাগ্রস্থ হওয়ার প্রবণতা কমে যাবে। শুধু বৃক্ষরোপণ ও গাছের চারা বিতরণ করলেই হবে না, নতুন নতুন নার্সারির উদ্যোক্তা তৈরি করতে হবে।

ঝিনাইদহ জেলা পরিষদের প্রশাসক এমএ মজিদের সভাপতিত্বে আর্থিক সহায়তার চেক ও গাছের চারা বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জেলা প্রশাসক মো. নোমান হোসেন, পুলিশ সুপার মিয়া মোহাম্মদ আশীষ বিন হাছান, জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, সহ সভাপতি মুন্সি কামাল আজাদ পান্নু, আনোয়ারুল ইসলাম বাদশা, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক রথীন্দ্র নাথ রায়।

জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সেলিম রেজার সঞ্চালনায় অনুষ্ঠানে জেলা পরিষদের মাধ্যমে জেলার বিভিন্ন মসজিদ-মন্দির, সামাজিক প্রতিষ্ঠান ও অসচ্ছল মানুষের মাঝে প্রায় ১ কোটি ৪৮ লাখ ৪০ হাজার টাকার আর্থিক সহায়তার চেক বিতরণ করা হয়।

কোটচাঁদপুরে বিদ্যুৎস্পৃষ্টে নির্মাণ শ্রমিকের মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে ভবন ভাঙার কাজ করার সময় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ইয়ানুর হোসেন (২৫) নামের এক নির্মাণ শ্রমিকের মৃত্যু হয়েছে।

সোমবার (২০ জুলাই) সকাল ১১টার দিকে কোটচাঁদপুর সরকারি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের পুরাতন ভবন ভাঙার সময় এই দুর্ঘটনা ঘটে। মৃত ইয়ানুর হোসেন কালীগঞ্জ উপজেলার হেলাই গ্রামের জামির আলীর ছেলে।

স্থানীয়রা জানায়, সকালে কোটচাঁদপুর সরকারি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের একটি পুরাতন ভবন ভাঙার কাজ করছিলেন ইয়ানুরসহ কয়েকজন শ্রমিক। ভবন ভাঙার একপর্যায়ে অসাবধানতাবশত ইয়ানুরের হাতে থাকা একটি রড পাশে থাকা বিদ্যুতের মেইন লাইনের তারের সংস্পর্শে আসে। এতে তিনি গুরুতর বিদ্যুৎস্পৃষ্ট হন।

পরে স্থানীয়রা সেখান থেকে তাকে উদ্ধার করে দ্রুত কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক পরীক্ষা-নিরীক্ষা শেষে তাকে মৃত ঘোষণা করেন।

কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তদন্ত আনসার উল্লাহ হক ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল ও হাসপাতাল পরিদর্শন করেছে। অসাবধানতাবশত রড বিদ্যুতের মেইন লাইনে লেগে এই দুর্ঘটনা ঘটেছে বলে প্রাথমিকভাবে জানা গেছে। এ বিষয়ে আইনি প্রক্রিয়া চলমান রয়েছে।

দীর্ঘদিন জাল সনদে চাকুরী করছেন হরিণাকুণ্ডুর এক মাদ্রাসা শিক্ষক

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার পারফলসী দাখিল মাদ্রাসায় জাল সনদ দিয়ে দীর্ঘদিন চাকুরী করছেন মোঃ আবু সালেহ নামে এক সহকারী শিক্ষক।

তিনি ২০০৩ সালের মে মাসের ১০ তারিখে কৃষি ডিপ্লোমার জাল সনদ দিয়ে কমিটির মাধ্যমে ওই মাদ্রাসায় কৃষি শিক্ষার সহকারী শিক্ষক পদে নিয়োগ প্রাপ্ত হন এবং ২০২২ সালে প্রতিষ্ঠান এমপিও ভূক্ত হলে ২০২৩ সালের ফেব্রুয়ারি মাসে তিনি এমপিও ভূক্ত হন।

তার সনদ সংক্রান্ত জটিলতায় কয়েকবার তার এমপিও আবেদন রিজেক্ট করা হয়েছিল বলেও তথ্য আছে। অফিসের মাধ্যমে তার সনদ সংগ্রহ করে দেখা যায়, তিনি ২০০০সালে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন

ফরিদপুর কৃষি প্রশিক্ষণ ইনিষ্টিটিউটের মাধ্যমে কৃষি ডিপ্লোমা ডিগ্রি অর্জন করেণ, যার রেজিষ্ট্রেশন নং ছিল ৮০৮২ সেসন-১৯৯৭-৯৮ এবং পরীক্ষার রোল নং ৪৫৩।

ওই প্রতিষ্ঠানে খোঁজ নিয়ে দেখা যায়, এই সনদটি জাল। প্রতিষ্টান থেকে বলা হয়, এই সেসনে মোঃ আবু সালেহ নামে কোন ছাত্র তাদের প্রতিষ্ঠান থেকে পাশ করে নাই।

সনদটি একটি জালিয়াতি চক্রের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে। এবিষয়ে মোঃ আবু সালেহ এর নিকট জানতে চাইলে তিনি প্রথমে নিজেকে সমাজবিজ্ঞানের শিক্ষক হিসেবে পরিচয় দেন। পরে কৃষি ডিপ্লোমা সনদ সম্পর্কে জানতে চাইলে তিনি সাক্ষাতে কথা বলবেন বলে ফোন কেটে দেন।

এবিষয়ে মাদ্রাসা সুপার মোঃ ইয়ারুল ইসলাম বলেন মোঃ আবু সালেহ আমার এই প্রতিষ্ঠানে আসার আগেই নিয়োগ প্রাপ্ত হয়েছেন। জাল সনদে নিয়োগ পেয়েছেন কিনা সেটা আমি জানিনা। এক সাথে প্রতিষ্ঠান এমপিও’র অর্ডার হলেও বিভিন্ন কারণে সকল শিক্ষকের একসাথে এমপিও করণ হয়নি, ওনার আবেদন কয়েকবার রিজেক্ট হয়েও পরবর্তিতে এমপিও ভূক্ত হন এতটুকুই জানি। সনদ জাল সম্পর্কে আমার জানা নাই বলে তিনি বলেন।

এবিষয়ে হরিণাকুণ্ডু উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল বারী বলেন, আমি বর্তমানে অফিসের বাইরে আছি, এবিষয়ে সঠিক কিছু আমি বলতে পারবনা, কারণ ওনার নিয়োগ এবং এমপিও ভূক্তের সময় আমি এখানে ছিলাম না আমার পূর্বের ঘটনা। অভিযোগ পেলে তদন্ত করে দেখবো বলে তিনি জানান।

ঝিনাইদহে প্রি-ক্যাডেটের সাড়ে ৯’শ শিক্ষার্থীর মাঝে বৃত্তি

সনদ বিতরণ

ঝিনাইদহে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রি-ক্যাডেটের সাড়ে ৯’শ শিক্ষার্থীর মাঝে বৃত্তি সনদ বিতরণ হয়েছে।

শুক্রবার (১৭ জুলাই) সকালে শহরের জোহান ড্রীম ভ্যালী পার্ক মিলনায়তনে বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশনের পক্ষ থেকে এ সনদ বিতরণ করা হয়।

সংগঠনটির জেলা শাখার সভাপতি শাহীনূর আলম লিটন’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঝিনাইদহ জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ। প্রধান আলোচক ছিলেন কিন্ডারগার্টেন এসোসিয়েশনের মহাসচিব মিজানুর রহমান সরকা। বিশেষ অতিথি ছিলেন সাংগঠনিক সম্পাদক ˆসয়দ হামিদুর রহমান, শিক্ষা সম্পাদক আবদুল আলীম, দপ্তর সম্পাদক এম ডি আসাদুজ্জামান রিপন, ত্রাণ ও পুনর্বাসন সম্পাদক মোশারেফ হোসেন, প্রশিক্ষণ সম্পাদক গোলাম মোস্তফা। অনুষ্ঠান পরিচালনা করেন কিন্ডারগার্টেন এসোসিয়েশন জেলা শাখার সাংগঠনিক সম্পাদক কামরুজ্জামান লিটন।

অনুষ্ঠানে আলোচনা সভা শেষে ২০২৫ সালে পরীক্ষায় অংশ নেওয়া নিয়ে বৃত্তিপ্রাপ্ত সাড়ে ৯’শ শিক্ষার্থীর মাঝে সনদপত্র বিতরণ করা হয়।

শৈলকুপার গাড়াগঞ্জে নতুন উপজেলা ও পৌরসভা ঘোষণার দাবিতে মানববন্ধন

ঝিনাইদহের শৈলকূপা উপজেলার গাড়াগঞ্জ বাজারে নতুন উপজেলা ও পৌরসভা ঘোষণা’র দাবিতে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে। বৃহস্পতিবার (১৬ জুলাই) সকালে গাড়াগঞ্জ বাজার বাসস্ট্যান্ডে এ কর্মসুচির আয়োজন করে স্থানীয়রা।

সে সময় ব্যানার ফেস্টুন নিয়ে শৈলকূপা উপজেলার ১, ২, ৩, ১২, ১৩ ও

১৪নংসহ মোট ৬টি ইউনিয়নের কয়েক’শ মানুষ অংশ নেয়। এ সময় বক্তব্য রাখেন, ঝিনাইদহ জেলা বিএনপির যুগ্ম সম্পাদক সাজ্জাদুর রহমান, শৈলকুপা উপজেলা বিএনপির সহ সভাপতি কেরামত আলী, সাংগাঠনিক সম্পাদক মোস্তাফিজুর রহমান তৃর্কি, উপজেলা যুবদলের আহবায়ক রবিউল ইসলাম, উপজেলা কৃষক দলের আহবায়ক আমিরুল ইসলাম, সাংবাদিক সাদ্দাম হোসেন, সাবেক চেয়ারম্যান জাফর হোসেন মোল্যা, আসাদুজ্জামান সহ আরো অনেকে।

মানববন্ধন থেকে বক্তারা বলেন, ত্রিবেণী, দিগনগর, উমেদপুর, দুধসর, ফুলহরি ও মির্জাপুর ইউনিয়ন নিয়ে গাড়াগঞ্জ বাজারে পৃথক উপজেলা ও পৌরসভা গঠন করলে এ অঞ্চলের মানুষের প্রশাসনিক ও নাগরিক সেবা সহজ হবে। তাই স্থানীয় সরকার, জনপ্রশাসন, সংস্থাপন, আইন, ভূমি ও স্বরাষ্ট্র মন্ত্রনালয়সহ সংশ্লিষ্ট বিভাগের প্রতি দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ নিয়ে গাড়াগঞ্জকে উপজেলা ও পৌরসভা হিসেবে ঘোষণা করার দাবি জানান তারা।

ঝিনাইদহে চাঁদাবাজির অভিযোগে যুবদল নেতাকে ফাঁসানোর প্রতিবাদে সংবাদ সম্মেলন

ঝিনাইদহে সালিশের নামে চাঁদাবাজির নাটক সাজিয়ে যুবদল নেতাকে ফাঁসানোর অভিযোগ উঠেছে। সালিশে রাজি না হওয়ায় ও ভিকটিমের পরিবারের পক্ষে কথা বলার কারণে যুবদল নেতাকে কৌশলে ফাঁসানো হয়েছে বলেও দাবি করেছেন সনাতনী সম্প্রদায়ের কয়েকজন।

ওই ঘটনার প্রতিবাদে ভুক্তভোগী সনাতনী সম্প্রদায়ের ব্যানারে সংবাদ সম্মেলনে এসব অভিযোগ করা হয়।

সোমবার বেলা সাড়ে ১১টার দিকে ঝিনাইদহ প্রেসক্লাবে সংবাদ সম্মেলনে লিখিত অভিযোগ করেন ভুক্তভোগী প্রেমা রানী সাহা।

ভুক্তভোগী নারী তার বক্তব্যে জানান, ফরিদপুর সদর উপজেলার

বোয়ালমারি এলাকার প্রণয় সাহার সঙ্গে তার বিয়ে হয়। পরে নানা কারণে বনিবনা না হওয়ায় ওই নারী তার স্বামীকে তালাক দেন।

এ নিয়ে স্বামীর পরিবারের লোকজন ওই নারী সহ তার বাবা, মা কে হত্যার হুমকি দেয়। এতে ভীতসন্ত্রস্ত হয়ে ওই নারী ও তার পরিবারের সদস্যরা প্রতিবেশী যুবদল নেতা আতিয়ার রহমানের স্মরণাপন্ন হন।

আতিয়ার রহমান ঝিনাইদহ সদর উপজেলার মধুহাটি ইউনিয়ন যুবদলের সভাপতি ছিলেন। পরে যুবদল নেতা আতিয়ার রহমান ওই নারীর তালাকপ্রাপ্ত স্বামী ও স্বজনদের সঙ্গে মোবাইল ফোনে কথা বলেন।

সংবাদ সম্মেলনে অভিযোগ করা হয়, ফরিদপুরের প্রণয় সাহা তার সাবেক স্ত্রীর প্রতিবেশী ও যুবদল নেতা আতিয়ারকে চাঁদার বিনিময়ে পারিবারিক সমস্যা সমাধান করার অনুরোধ জানায়।

ওই সময় যুবদল নেতা আতিয়ার ও ভুক্তভোগী নারী প্রেমা সাহা ও তার স্বজনরা মোবাইল ফোনের কথোপকথন শুনেন। এক পর্যায়ে আতিয়ার রহমান চাঁদা বা অনৈতিক ভাবে অর্থ লেনদেনের বিনিময়ে পারিবারিক সমস্যা মিটিয়ে দিতে অস্বীকৃতি জানায়।

এতে ক্ষিপ্ত হয়ে ওই নারীর তালাকপ্রাপ্ত স্বামী কথোপকথনের একটি রেকর্ড কাটছাট করে সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে দেয়। বিষয়টি নজরে এলে সম্প্রতি ঝিনাইদহ জেলা যুবদলের সভাপতি ও সাধারণ সম্পাদক স্বাক্ষরিত আদেশে যুবদল নেতা আতিয়ার রহমানকে দল থেকে বহিষ্কার করা হয়।

সংবাদ সম্মেলনে প্রেমা রানী সাহা বলেন, আতিয়ার রহমান ভাই আমাদের প্রতিবেশী। তিনি গ্রামের সকল সনাতনীদের দেখাশোনা করেন। আজকে তাকে ফাসানো হয়েছে। আমার সাবেক স্বামীর সঙ্গে যখন যুবদল নেতা আতিয়ার রহমানের কথা হচ্ছিল, আমার মা-বাবা ও আমি সেখানে উপস্থিত ছিলাম। আমরা সবাই কথোপকথন শুনেছি।

সেখানে চাঁদাবাজি বা চাঁদা দাবির কোনো কথাই ছিল না। আতিয়ার ভাই, আমাদের পক্ষ নেয়ার কারণে তাকে ফাসিয়ে দিয়ে দল থেকে বহিষ্কার করানো হয়েছে। আমরা তাঁর বহিষ্কারাদেশ প্রত্যাহার চাই।